স্বল্পোন্নত বাংলাদেশে দারিদ্র্যের হার বিশ্বের মোট দারিদ্র্যের ৫% এবং ঘনত্ব বিশ্বের জনসংখ্যার ২%। দারিদ্র্যের কারনসমূহের মধ্যে বেকারত্ব অন্যতম। বিশেষ করে গ্রামীণ মহিলাদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ততার হার খুবই কম। বর্তমানে গ্রামীণ মহিলাদের দারিদ্র্য হ্রাস এবং আর্থ-সামাজিক ক্ষমতায়ন সরকারের একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকারমূলক বিষয়। ১৯৯৭ সনে মাননীয় প্রধানমন্ত্রী যশোর সফরকালে ঐ অঞ্চলের মহিলাদের উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং ক্ষমতায়নের লক্ষ্যে একটি বিশেষ উদ্যোগ গ্রহণের ঘোষণার প্রেক্ষিতে 'দরিদ্র মহিলাদের জন্য আত্ম-কর্মসংস্থান কর্মসূচি' (দমআক) শীর্ষক প্রকল্পটি বৃহত্তর যশোর অঞ্চলের ৪টি জেলার ২১টি উপজেলায় জুলাই/১৯৯৮-জুন/২০০৩ মেয়াদে বাস্তবায়িত হয়। বাস্তবায়িত দমআক প্রকল্পের সুবিধাভোগী ও প্রকল্প এলাকায় বিভিন্ন শ্রেণীর (রাজনৈতিক ও অরাজনৈতিক) জনসাধারণ কর্তৃক প্রকল্পটি অত্যন্ত ফলপ্রসু কার্যক্রম হিসাবে বিবেচিত হয়। পরবর্তিতে আইএমইডি সমীক্ষা প্রতিবেদনে প্রকল্পটি সারা বাংলাদেশ ব্যাপী বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে খুলনা ও বরিশাল বিভাগের ১৫টি জেলার ৫৯ টি উপজেলায় বৃহৎ পরিসরে বাস্তবায়নের লক্ষ্যে নতুন আঙ্গিকে আলোচ্য "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প" বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে নারীর আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নসহ জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

**উদ্যোগী মন্ত্রণালয়** ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**বাস্তবায়নকারী সংস্থা**ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

**প্রকল্প ব্যয়** ঃ ১৩১৩৯.৮২ লক্ষ টাকা।

**প্রকল্পের মেয়াদ** ঃ জানুয়ারি/২০১২- ডিসেম্বর/২০১৬ খ্রিস্টাব্দ।

**প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ**

ক) দরিদ্র মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;
খ) আয়বর্ধনমূলক কর্মকান্ডে ব্যবহারের লক্ষ্যে স্থানীয় সম্পদ গঠন; এবং
গ) ব্যক্তিগত ও সামগ্রিক স্বার্থ রক্ষায় গ্রামীণ মহিলাদের সংগঠিতকরণ।

**প্রকল্পের কার্যক্রম ঃ**

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হলো-

ক) গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থা চিহ্নিত করার লক্ষ্যে জরীপ কার্য পরিচালনা;
খ) মহিলা সমিতি গঠন;
গ) মূলধন গঠন ও তার যথোপযুক্ত ব্যবহার;
ঘ) উপকারভোগী এবং প্রকল্প সংশিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ;
ঙ) প্রশিক্ষণোত্তর সহায়তা তহবিল (ক্ষুদ্র ঋণ/ উদ্যোক্তা উন্নয়ন ঋণ) বিতরণ ;
চ) উদ্যোক্তা উন্নয়ন;
ছ) অন্যান্য সহায়তা কার্যক্রম:

- বিপণন কার্যক্রমে সহায়তা;
- আইনি সহায়তা;
- সামাজিক উন্নয়ন;
- আইসিটি সহায়তা; এবং
- ভৌত অবকাঠামো নির্মাণ।

**প্রকল্প এলাকা ঃ** খুলনা ও বরিশাল বিভাগের ১৫ টি জেলার ৫৯ টি উপজেলা।

| বিভাগ | জেলা | উপজেলা নাম |
|---|---|---|
| খুলনা | যশোর | যশোর সদর, অভয়নগর, ঝিকরগাছা, বাঘারপাড়া, শার্শা, চৌগাছা, কেশবপুর, মনিরামপুর |
| | নড়াইল | নড়াইল সদর, কালিয়া, লোহাগড়া |
| | ঝিনাইদহ | হরিনাকুন্ডু, ঝিনাইদহ সদর, কালীগঞ্জ, কোটচাঁদপুর, মহেশপুর, শৈলকুপা |
| | মাগুরা | মাগুড়া সদর, শ্রীপুর, শালিখা, মোহাম্মদপুর |
| | বাগেরহাট | বাগেরহাট সদর, ফকিরহাট, কচুয়া, চিতলমারী, রামপাল |
| | সাতক্ষীরা | সাতক্ষীরা সদর, কলারোয়া, দেবহাটা, কালিগঞ্জ |
| | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সদর, জীবননগর |
| | মেহেরপুর | মেহেরপুর সদর, মুজিবনগর, গাংনী |
| বরিশাল | বরগুনা | আমতলী, বামনা |
| | বরিশাল | আগৈলঝাড়া, বাবুগঞ্জ, মেহেন্দীগঞ্জ, গৌরনদী, মুলাদী |
| | ভোলা | বোরহাউদ্দিন, চরফ্যাশন, মনপুরা |
| | ঝালকাঠি | ঝালকাঠি সদর |
| | পটুয়াখালী | বাউফল, দশমিনা, দুমকী, কলাপাড়া, মির্জাগঞ্জ |
| | পিরোজপুর | মঠবাড়িয়া, নাজিরপুর, পিরোজপুর সদর |

**অভীষ্ট জনগোষ্ঠী ঃ** প্রকল্পের অভীষ্ট জনগোষ্ঠী হবে গ্রামীণ দরিদ্র, অসহায় ও সুবিধা বঞ্চিত মহিলা। নেতৃত্ব বিকাশ এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে তাদের সংগঠিত করে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ এবং এর ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে তাদের প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ) প্রদান করা হবে।

**সমিতির সদস্য হওয়ার যোগ্যতা ঃ** গ্রামের দরিদ্র, বিধবা, অসহায় ও সুবিধা বঞ্চিত মহিলা; সাংগঠনিক মনোভাব সম্পন্ন; বয়স সীমা ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বসতবাড়ীসহ নিজের মোট আবাদযোগ্য জমির পরিমান ০.৫০ শতাংশের বেশি নয়; প্রশিক্ষণসহ জীবনযাত্রার মান উন্নয়নে আগ্রহী এবং সঞ্চয়ী মনোভাবাপন্ন মহিলারাই সমিতির সদস্য হতে পারবেন।

**মহিলা সমিতি গঠন ঃ** প্রকল্পভূক্ত উপজেলার ন্যূনতম ০৪ (চার) টি ইউনিয়নের গ্রামসমূহে খানা জরীপ কার্যক্রম পরিচালনা করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ২০-৩০ জন সুফলভোগী চিহ্নিত করে মহিলা সমিতি গঠন করা হবে। প্রতি গ্রামে ন্যূনতম একটি করে মহিলা সমিতি গঠিত হবে, তবে গ্রামের আয়তন বড় হলে সেক্ষেত্রে একাধিক সমিতি গঠন করা যাবে।

**পুঁজি গঠন ঃ** স্বনির্ভরতা ও আত্মকর্মসংস্থানের অন্যতম অবলম্বন পুঁজি গঠন। পুঁজি গঠন ও সম্পদ আহরণের জন্য প্রকল্পভূক্ত সুফলভোগীরা সাপ্তাহিক ভিত্তিতে ন্যূনতম ২০/- টাকা হারে ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন করবেন। প্রকল্প মেয়াদে সদস্যদের নিজস্ব সঞ্চয়ের পরিমান হবে ১৬১৪.০০ লক্ষ টাকা। সমিতির সদস্যগণ তাদের জমাকৃত সঞ্চয়ের উপর প্রতি বছর ব্যাংক রেটে লভ্যাংশ প্রাপ্য হবেন এবং প্রয়োজনে জমাকৃত সঞ্চয় উত্তোলন করতে পারবেন।

**প্রশিক্ষণঃ** সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি করে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের আওতায় সুফলভোগীদের বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্পের উপকারভোগীদের বিভিন্ন ট্রেডে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী আইজিএ প্রশিক্ষণ এবং প্রকল্প সংশিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।

**(ক) দক্ষতা ভিত্তিক (Skill Based) প্রশিক্ষণঃ** প্রাথমিক সমিতি পর্যায়ে সদস্যদের যাবতীয় হিসাব ব্যবস্থাপনা এবং সাংগঠনিক দক্ষতা অর্জনের লক্ষ্যে সমিতির সভাপতি ও ম্যানেজারদের ঋণ ব্যবস্থাপনা, হিসাব ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিকাশে প্রশিক্ষণ প্রদান করা হবে।

**(খ) আইজিএ (Income Generating Activities) প্রশিক্ষণ ঃ** বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী এবং তাদের বেশীর ভাগই গ্রামে বাস করে। প্রয়োজনীয় পুঁজি এবং যথাযথ প্রশিক্ষণের অভাবে গ্রামীণ মহিলাদের অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ততার হার খুবই কম। প্রকল্পের আওতায় ৪৮৮৩০ জন সদস্যকে বিভিন্ন ট্রেডে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হবেঃ

**(i) স্বল্পমেয়াদী আইজিএ প্রশিক্ষণ ঃ** হাঁস মুরগী পালন, গবাদিপশু পালন, মৎস্য চাষ, কাঁকড়া চাষ, বাড়ীর আঙ্গিনায় অপ্রধান শস্য ও শাক সবজি চাষ, নাসরিী, মাশরুম চাষ, খাদ্য প্রক্রিয়াকরণ এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে অন্যান্য প্রশিক্ষণ।

**(ii) দীর্ঘমেয়াদী আইজিএ প্রশিক্ষণঃ** সেলাই ও এমব্রয়ডারী, পাটজাত পণ্যসামগ্রী তৈরি এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে অন্যান্য প্রশিক্ষণ।



মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মশিউর রহমান রাঙ্গাঁ (এমপি) ও মহাপরিচালক, বিআরডিবি জনাব মোঃ আব্দুল জলিল মিঞা কর্তৃক প্রশিক্ষণার্থীদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন বিতরন।

**(গ) সচেতনতামূলক প্রশিক্ষণঃ** সমিতির সাপ্তাহিক সভায় বিআরডিবি/প্রকল্পের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন জাতি গঠনমূলক বিভাগের কর্মকর্তাদের সহায়তায় নিম্নবর্ণিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ঃ

মহিলাদের সমঅধিকার, স্থানীয় সম্পদ চিহ্নিতকরণ ও ব্যবহার, প্রাথমিক স্বাস্থ্য সেবা, পুষ্টি, পরিবার পরিকল্পনা, জনসংখ্যা নিয়ন্ত্রন, প্রজনন স্বাস্থ্য, নারী অধিকার, আইজিএ (IGA) চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা, বিশুদ্ধ পানি পান, স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার, শিশুর স্বাস্থ্য শিক্ষা, বাল্য বিবাহ রোধ, বিবাহ রেজিস্ট্রেশন, যৌতুক প্রথা নিরোধ, লিগ্যাল এইড ইত্যাদি।

**প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ)ঃ** প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বিভিন্ন আয়বর্ধনমূলক (IGA) কর্মকান্ডে দক্ষতা অর্জনকারী সদস্যদের আত্মকর্মসংস্থান/স্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের আওতায় প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ) প্রদান করা হবে। প্রকল্প মেয়াদে ৫৯ টি উপজেলার সর্বমোট ৫০ হাজার সদস্যের বিপরীতে ৫৯০০.০০ লক্ষ টাকা প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ) বিতরণ করা হবে। এ ক্ষেত্রে প্রতি উপজেলায় গড়ে ঋণ তহবিলের পরিমান হবে ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা। প্রকল্পের আওতায় ব্যক্তি পর্যায়ে, আইজিএ ভিত্তিক দলীয়/যৌথ ভাবে এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের সংস্থান রয়েছে।

**(i) ব্যক্তি পর্যায়ে ঋণঃ** ব্যক্তি পর্যায়ে প্রথমবার নতুন সদস্যের ক্ষেত্রে সর্বোচ্চ ১৫,০০০ টাকা প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান করা হয়। পরবর্তী পর্যায়ে প্রতিবারে ১০% হতে ৩০% পর্যন্ত বৃদ্ধি করে সর্বোচ্চ ৫০,০০০ টাকা ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা রয়েছে।

**(ii) আইজিএ ভিত্তিক দলীয়/যৌথ ঋণ ঃ** আইজিএ ভিত্তিক দলীয় কর্মকান্ডে ন্যূনতম ০৫ (পাঁচ) জন সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপ/সাব-গ্রুপকে কোন নির্দিষ্ট আইজিএ এর বিপরীতে প্রথম পর্যায়ে সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা যাবে। পরবর্তী পর্যায় সমুহে ১০% হতে ৩০% পর্যন্ত বৃদ্ধি করে সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে সমিতিতে সদস্যের মেয়াদ ন্যূনতম ০১ (এক) বছরের পূর্বে এ ধরণের ঋণ বিতরণ করা যাবে না।

**(iii) ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ ঃ** সফল ক্ষুদ্র ঋণ ব্যবহারকারী, সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী উপযুক্ত ও আগ্রহী সদস্যকে ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে ঋণ প্রদান করা যাবে। কমপক্ষে ০২ বছর যাবত অব্যাহতভাবে সমিতির সদস্য আছে এমন গ্রাজুয়েট সদস্যগন এই ঋণ সুবিধা পাবে। এ ক্ষেত্রে প্রথমবারে ঋণের পরিমান হবে ৫০,০০০ - ২,৫০,০০০ টাকা। পরবর্তী পর্যায় সমূহে ১০% হতে ৩০% পর্যন্ত করে বৃদ্ধি করে সর্বোচ্চ ৫,০০,০০০ টাকা ঋণ সহায়তা প্রদান করা যাবে। এই ঋণ প্রদানের ক্ষেত্রে উদ্যোক্তা সদস্য কর্তৃক প্রকল্প প্রস্তাব দাখিল পূর্বক প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ৫০ শতাংশ নিজে নির্বাহ করতে হবে এবং ৫০ শতাংশ প্রকল্প হতে ঋণ হিসেবে প্রদান করা যাবে।

**ঋণের সেবামূল্যঃ** সরকার ঘোষিত ক্ষুদ্র ঋণ নীতিমালা অনুযায়ী সরল হারে (Flat rate method) ব্যক্তি ঋণ ও আইজিএ ভিত্তিক দলীয় কর্মকান্ডে বিতরণকৃত ঋণের বিপরীতে ১১% হারে সেবামূল্য আদায়যোগ্য হবে। তবে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য সেবামূল্যের হার হবে ১২%। ব্যক্তি ঋণ, আইজিএ ভিত্তিক দলীয় কর্মকান্ড (গ্রুপ-সাবগ্রুপ) ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সকল ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০১ (এক) বছর।

**বিপণন কার্যক্রম ঃ** প্রকল্পভূক্ত সুফলভোগীদের প্রস্তুতকৃত/উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রী (সেলাই শিল্প, হস্তশিল্প, মৃৎশিল্প, কৃষি পণ্য, বাঁশ বেতের পণ্য, কাঠের পণ্য, পাটজাত দ্রব্য, কুটির শিল্প ইত্যাদি) প্রদর্শন করে বাজারে চাহিদা সৃষ্টি, ক্রেতা আকৃষ্টকরণ, বিক্রি ও ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং কর্মসংস্থানের নবক্ষেত্র উন্মোচন করার লক্ষ্যে প্রকল্পের আওতায় ঢাকা, খুলনা ও যশোরে তিনটি সেলস্ কাম ডিসপ্লে সেন্টার স্থাপন করা হবে।

**আইসিটি কার্যক্রম ঃ** প্রকল্পের সামগ্রিক কার্যক্রম সর্বসাধারনের কাছে তুলে ধরার জন্য প্রকল্পের নিজস্ব Website রয়েছে। Website এর ঠিকানা www.iresppw-brdb.gov.bd। উক্ত সাইটে প্রকল্পের সার্বিক কার্যক্রম ও বাস্তবায়ন অন্যান্য তথ্যসমূহ সকলের নিকট দৃশ্যমান হবে এবং প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিং করা সহজ হবে। এতে করে সুফলভোগীদের নিজস্ব অর্থ এবং সরকারী অর্থের অপচয় রোধ করে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে।

**ভৌত অবকাঠামো নির্মাণঃ** প্রকল্পভূক্ত যে সকল উপজেলায় বিআরডিবি'র অফিস ভবন (পল্লী ভবন) নেই এমন ০৫ (পাঁচ) টি উপজেলায় পূর্ণাঙ্গ পল্লী ভবনসহ সর্বমোট ৪৫টি উপজেলায় প্রকল্প অফিস ভবন নির্মাণ/সম্প্রসারন/মেরামত করা হবে। বর্তমানে ০৫ (পাঁচ) টি পূর্ণাঙ্গ পল্লী ভবন ও ২০ টি প্রকল্প অফিস ভবন নির্মাণ/সম্প্রসারনের কাজ সম্পন্ন হয়েছে।

**প্রকল্প ব্যবস্থাপনাঃ** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর সার্বিক তত্ত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালকের নেতৃত্বে প্রকল্পের বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত আছেন প্রকল্প সদর দপ্তর, জেলা পর্যায়ে উপপরিচালক বিআরডিবি এবং উপজেলা পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। এছাড়া প্রজেক্ট ষ্টিয়ারিং কমিটি (পিএসসি) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে প্রকল্পের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন, নীতি নির্ধারনী সিদ্ধান্ত গ্রহন, কার্যক্রম পর্যালোচনা ও উদ্ভূত সমস্যার কার্যকরী সমাধান করা হয়ে থাকে।

**প্রকল্পের অংগ ভিত্তিক কার্যক্রমঃ**

| ক্রিঃ নং | প্রধান কর্মকান্ডের বিবরণ | প্রকল্পের লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|
| | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব |
| ১ | জনবল নিয়োগ | ২৬৬০.৩৩ | ৪২৯ জন |
| ২ | জেলা | - | ১৫ টি |
| ৩ | উপজেলা | - | ৫৯ টি |
| ৪ | সমিতি গঠন | - | ২৭৮৪ টি |
| ৫ | সদস্য | | ৭৬২৫০ জন |
| ৬ | প্রশিক্ষণ | ১১৫৫.০০ | ৫০১৪৩ জন |
| ৭ | পুঁজি গঠন (সঞ্চয়) | ১৬১৪.০০ | - |
| ৮ | ঋণ বিতরণ | ৫৯০০.০০ | ৫০০০০ জন |
| ৯ | অফিস ভবন নির্মাণ | ১৬২০.০০ | ৪৫ টি |
| ১০ | সেলস সেন্টার স্থাপন | ১০০.০০ | ৩ টি |

বিস্তারিত জানতে-


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
ফোন- ০২-৮১৮০১৪৪, ফ্যাক্স-০২৮১৮৯০২৯
E-mail:info@iresppw-brdb.gov.bd/ iresppwad@gmail.com
Website:www. iresppw-brdb.gov.bd


# দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

## Integrated Rural Employment Support Project for the Poor Woman (Revised)

## (IRESPPW)









**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়